

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২৩, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ অক্টোবর ২০১৫/২৯ আশ্বিন ১৪২২

নং ০৭.০০.০০০০.১৭৩.৮৮.০১৮.১৪-৭৮—সরকার, জাতীয় বেতনক্ষেত্র এর আওতাভুক্ত, সকল সামরিক/বেসামরিক কর্মচারীর জন্য ‘বাংলা নববর্ষ ভাতা’ প্রবর্তনের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- ১। আগামী ১৪২৩ বঙ্গাব্দ হতে ‘বাংলা নববর্ষ ভাতা’ প্রবর্তিত হবে ;
- ২। জাতীয় বেতনক্ষেত্রের আওতাভুক্ত সকল কর্মচারী (সামরিক/বেসামরিক) প্রতিবছর মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে ‘বাংলা নববর্ষ ভাতা’ প্রাপ্য হবেন;
- ৩। মাসিক নীট পেনশন গ্রহণকারীগণ এবং আজীবন পারিবারিক পেনশন ভোগীগণ তাঁদের মাসিক নীট পেনশনের ২০% হারে এ ভাতা প্রাপ্য হবেন; এবং
- ৪। ১০০% পেনশন সমর্পণকারীগণের ক্ষেত্রে এ ভাতা প্রযোজ্য হবে না ।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ আলী খান
অতিরিক্ত সচিব ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত ।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১০৯৬৩)

মূল্য : টাকা ৪.০০